অধ্যক্ষ

কলেজ website | Fb page এ দিন। ২৩/০৮/২০১৭

রাজশাহী কলেজ, রাজশাহী
ডকেট নং ৪৩৬
তারিখ ২২/০৮/২০১৭
স্থাপিত-১৮৭৩

DIGITAL
BANGLADESH

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার (৭ম তলা), আগারগাঁও, ঢাকা
(গবেষণা ও বৃত্তি শাখা)

ICT
DIVISION
FUTURE IS HERE

স্মারক নং-৫৬.০০.০০০০.০২৮.৩৩.০৮১.১৭-২৭০

তারিখঃ ০৭.০৮.২০১৭ খ্রি.

আইসিটি ক্ষেত্রে গবেষণার জন্য "হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ" প্রদানে আবেদন আহবান

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক "হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ" প্রদানের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

০২। **হাই-প্রোফাইল স্কলার ফেলোশিপের যোগ্যতাঃ**

বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েশন এর ফলাফল ঘোষণার ০১ (এক) বছরের মধ্যে আবেদন করতে হবে। এসএসসি, এইচএসসি পর্যায়ে সিজিপিএ ন্যূনতম ৫.০০ এবং গ্রাজুয়েশন পর্যায়ে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ হতে হবে।

০৩। নির্বাচিত ০২ জন ফেলোকে (একজন পুরুষ ও একজন মহিলা) মাসিক ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা হারে ০১ বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে।

০৪। "তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬" এ "হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ" এর বিষয়ে বিস্তারিত উল্লেখ রয়েছে। নীতিমালাটি আইসিটি বিভাগের website: www.ictd.gov.bd এর নীতি ও আইন অংশে পাওয়া যাবে।

০৫। **আবেদনপত্র দাখিলের শেষ সময়: ১০.১০.২০১৭ খ্রি. বিকাল ৫.০০ টা পর্যন্ত।**

০৬। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বরাবর লিখিত আবেদনপত্র নির্ধারিত তারিখের অফিস সময় অর্থাৎ বিকাল ৫.০০ টার পূর্ব পর্যন্ত সরাসরি এ বিভাগের (আগারগাঁওস্থ আইসিটি টাওয়ার এর ৭ম তলা) ৭২৮ নং কক্ষে এবং ই-মেইল ঠিকানা: ictdivision2014@gmail.com এ প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত কোন আবেদনপত্র বিবেচিত হবে না।

০৭। ইতঃপূর্বে যারা আবেদন করেছেন এ সংক্রান্ত নীতিমালার আলোকে তাদেরকে পুনরায় আবেদনপত্র দাখিল করতে হবে।

০৮। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা রাখে।

০৭/০৮/১৭

(মোহাম্মদ আবুল খায়ের)
সিনিয়র সহকারী সচিব
মোবাইল: ০১৭১৫০৮১২৫২
ictdivision2014@gmail.com